৩৮

দৈনিক সংবাদ

তারিখ 12 OCT 1995
পৃষ্ঠা ৫ কলাম ৭

আদালতের নির্দেশ কার্যকর হচ্ছে না

# ৩৯৩ জন এসএসসি পরীক্ষার্থীর ফল প্রকাশের দাবি

পটুয়াখালী, ১১ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)। — যশোর শিক্ষা বোর্ড কর্তৃক ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষায় প্রবেশপত্র ছাড়া অংশগ্রহণকারী পরীক্ষী-দের অপ্রকাশিত ফলাফল প্রকাশের দাবিতে সম্প্রতি ৫ শতাধিক ছাত্রছাত্রী ও অভিভাবকগণ স্থানীয় নিউমার্কেট সংলগ্ন চাউলের টল ঘরে এক সমাবেশ করে।

সমাবেশে বিভিন্ন বক্তারা বলেন, বিজ্ঞ সহকারী জজের নির্দেশ থানা সত্ত্বেও শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী কয়েকশ' পরীক্ষার্থীর ফলাফল প্রকাশ না করায় এসব ছাত্রছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে বলে উল্লেখ করেন। তারা যশোর শিক্ষা বোর্ডের এ আচরণকে আদালত অবমাননার সামিল বলে উল্লেখ করেন। বক্তারা অবিলম্বে আদালতের নির্দেশ মেনে নিয়ে ১৯৯৫ সালের পরীক্ষার্থীদের অপ্রকাশিত ফলাফল প্রকাশের দাবি জানান।

উল্লেখ্য, প্রবেশপত্র ছাড়া ৬টি পৃথক দেওয়ানী মামলায় এ জেলায় ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষায় ৩শ' ৯৩ জন ছাত্র আদালতের নির্দেশে অংশগ্রহণ করেছিল। আদালতের নির্দেশ অনুযায়ী ফলাফল প্রকাশের দাবিতে তারা প্রধানমন্ত্রীর কাছেও স্মারকলিপি প্রদান করেছে।

সভায় সভাপতিত্ব করেন অভিভাবক হাবিবুর রহমান। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মোঃ মঞ্জুর হোসেন, আনোয়ারুল ইসলাম, মোঃ জাহাঙ্গীর প্রমুখ।